গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৯.০১৫.২৫. ১২২০

তারিখ: ০৯/২/১৪৩৩ বঙ্গাব্দ।
২৩/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ।

বিষয়: **পবিত্র ঈদ-উল-আযহা-২০২৬ পালন উপলক্ষ্যে সাধারণ নির্দেশিকা।**

প্রতি বছরের ন্যায় এ বছরও পবিত্র ঈদ-উল-আযহা ২৮ মে ২০২৬ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার, যথাযোগ্য মর্যাদা, উৎসাহ-উদ্দীপনা ও ধর্মীয় ভাব-গাম্ভীর্যের সাথে উদ্‌যাপন করা হবে। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, উপমহাপরিচালক রেঞ্জ, পরিচালক কুমিল্লা রেঞ্জ, অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক, ভিটিসি নিজ নিজ ইউনিটের ঈদ-উল-আযহা উদ্‌যাপন উপলক্ষ্যে সকল কর্মসূচি প্রতিপালন নিশ্চিত করবেন। বিস্তারিত কর্মসূচি নিম্নরূপ:

২। **পবিত্র ঈদ-উল-আযহা এর অনুষ্ঠানসূচি।**

ক। **শুধু সদর দপ্তরের জন্য।**

| ক্রঃ নং | বিষয় | সময়সূচি | স্থান | পোশাক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | **ঈদ-উল-আযহা এর নামাজ:**<br>ক। প্রথম জামাত<br>খ। দ্বিতীয় জামাত | **ঈদের দিন**<br>সকাল ০৭০০ ঘটিকা<br>সকাল ০৮০০ ঘটিকা | সবুজ লন, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | নামাজের পোশাক | মহাপরিচালক মহোদয়ের প্রথম জামাতে অংশগ্রহণ এবং উপস্থিত সকলের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করবেন। |
| ২. | মহাপরিচালক মহোদয়ের ঈদ শুভেচ্ছা বিনিময়। | **ঈদের পরের দিন**<br>২০০০ ঘটিকা<br>হতে<br>২২৩০ ঘটিকা | সেনামালঞ্চ, ঢাকা সেনানিবাস | ঐচ্ছিক পোশাক | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ঢাকায় অবস্থানরত ও কর্মরত এবং আমন্ত্রিত অবসরপ্রাপ্ত ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তা (সপরিবার)। |

খ। **উপপরিচালক (প্রশাসন-উইং) এর জন্য।** সদর দপ্তরের পরিষ্কার-পরিচ্ছন্নতা, সুষ্ঠুভাবে ঈদের জামাত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মহাপরিচালক মহোদয়ের পরিদর্শনের সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করবেন।

৩। **মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মহোদয়ের অনুষ্ঠানসূচি।**

| ক্রমি: | বিবরণ | সময় | স্থান | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ঈদ-উল-আযহা এর নামাজ | ০৭০০ | সবুজ লন, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | উপপরিচালক (প্রশাসন-উইং) |
| ০২ | মহাপরিচালক মহোদয়ের গার্ড সালাম গ্রহণ; গার্ড সালাম এ অংশগ্রহণকারী ও আরপি সদস্যদের মাঝে মিষ্টি বিতরণ | ০৭২০ | স্যালুটিং ডায়াস, সদর দপ্তর, খিলগাঁও ঢাকা। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি) ও উপপরিচালক (প্রশাসন-উইং) |
| ০৩ | পরিদর্শন বই স্বাক্ষর | ০৭৩০ | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়ের নিচ তলায় | উপপরিচালক (প্রশাসন-উইং) |
| ০৪ | কুরবানি পরিদর্শন | ০৭৪০ | সদর দপ্তর, মাঠ | উপপরিচালক (প্রশাসন-উইং) |
| ০৫ | ঈদ শুভেচ্ছা বিনিময়<br>উপস্থিতি: সদর দপ্তরে উপস্থিত সকল কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল পর্যায়ের সদস্যগণ | ০৭৫০ | অডিটোরিয়াম, সদর দপ্তর | উপপরিচালক (প্রশাসন-উইং) |
| ০৬ | জাতীয় সংসদের নিয়োজিত আনসার ব্যাটালিয়ন সদস্যদের মাঝে মিষ্টি বিতরণ | ১১৫০ | জাতীয় সংসদ ভবন | উপপরিচালক (প্রশাসন-উইং) |
| ০৭ | প্রীতিভোজ | ১২৩০ | কাওলা, আনসার ক্যাম্প, বিমানবন্দর | পরিচালক, ডিএমএ ও অধিনায়ক, উত্তর |

৪। **<u>বিশেষ মোনাজাত</u>**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ের মসজিদসমূহে ঈদের নামাজের পর জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি, বাংলাদেশের স্বাধীনতার জন্য আত্মত্যাগকারী শহিদদের আত্মার শান্তি এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের ব্যবস্থা করতে হবে। ইউনিটে উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারী এ মোনাজাতে অংশগ্রহণ করবেন **(কর্তব্যরত কর্মকর্তা-কর্মচারী ব্যতিত)**।

৫। **<u>প্রীতিভোজ</u>**।

৫.১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন (মোতায়েনকৃত বেইজ ক্যাম্পসহ), জেলা, জোন, ভিটিসি/টিটিসি কার্যালয়ে প্রচলিত নিয়মানুযায়ী উপস্থিত জনবলের জন্য প্রীতিভোজের আয়োজন করতে হবে। ঈদের ছুটিতে গমনকারী সদস্য ব্যতিত কার্যালয়ে উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারী ও সদস্য-সদস্যদের জন্য প্রীতিভোজের আয়োজন করতে হবে।

৫.২। বাজেট শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্মারক নং-৪৪.০৩.০০০০.০২২.২৬.০০২.২৩.২২৬ তারিখ: ১২/০৫/২০২৬ খ্রি. মূলে প্রদানকৃত অর্থের মাধ্যমে জেলা ও জোনের সকল অঙ্গীভূত আনসার সদস্যদের প্রীতিভোজের খাবার (প্যাকেট খাবার) সরবরাহ করতে হবে বা অঙ্গীভূত আনসার গার্ডে প্রীতিভোজের আয়োজন করতে হবে। উল্লেখ্য অঙ্গীভূত আনসার সদস্যদের প্রীতিভোজের অর্থ সংক্রান্ত বিষয়ে পরিচালক (অর্থ) সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার সঙ্গে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে।

৫.৩। ঈদ-উল-আযহা-২০২৬ উপলক্ষ্যে অঙ্গীভূত আনসার সদস্যদের জন্য প্রীতিভোজের মেন্যু নিম্নরূপ:

(১) পোলাও।
(২) চিকেন।
(৩) ডিম।
(৪) জর্দা/মিষ্টি/ফল।
(৫) কোমল পানীয়/পানি।

ক। <u>সময়</u>। ১২৩০ ঘটিকা।

খ। <u>পোশাক</u>। নামাজের/ঐচ্ছিক পোশাক।

৬। **<u>আনসার ও ভিডিপি হাসপাতালে উন্নমানের খাবার পরিবেশন</u>**। আনসার ও ভিডিপি হাসপাতালে রোগীদের মাঝে উন্নমানের খাবার পরিবেশন করতে হবে। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। **<u>কর্মস্থলে উপস্থিত</u>**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০২১.০৭.১৫০৯, তারিখ: ১২/০৮/২০১২ খ্রি. মূলে জারিকৃত স্থায়ী আদেশ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৮। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই সাধারণ নির্দেশিকা জারি করা হলো।

২০/০৫/২০২৬
মোঃ আবু বকর সিদ্দিক, বিভিএমএস
বিএভি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
মোবাইল নম্বর: ০১৩০৩৫০০০২৬১
ওয়েবমেইল: ddadmin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৯.০১৫.২৫.১২১০

তারিখ: ০৭/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
২০/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ।

**<u>অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।</u>**

সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

১। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

২। কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

৩। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৪। উপমহাপরিচালক (সকল)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ............রেঞ্জ............

৫। পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ।

৬। পরিচালক, মহানগর আনসার, ঢাকা (ডিএমএ)।

৭। পরিচালক (সকল)........................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/

৮। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর।
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

| | | |
|---|---|---|
| ৯। | অধিনায়ক (সকল)<br>.......................আনসার ব্যাটালিয়ন (.........বিএন),....................... | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১০। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | " |
| ১১। | আইন কর্মকর্তা(অতিরিক্ত জেলা দায়রা জজ)/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | উপপরিচালক (সকল)...........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৩। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য । |
| ১৪। | উপপরিচালক (প্রশাসন-উইং)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদর দপ্তরের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন। |
| ১৫। | জেলা কমান্ড্যান্ট (সকল)........................................................... | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৬। | জোন অধিনায়ক (সকল), ঢাকা ও চট্টগ্রাম মহানগর আনসার............... | " |
| ১৭। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | " |
| ১৮। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১৯। | রিটায়ার্ড আনসার অফিসার্স এ্যাসোসিয়েশন (রাভওয়া)। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২০। | সহকারী পরিচালক (সকল).....................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ২১। | মেডিকেল অফিসার/বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)<br>ও সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২২। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২৩। | বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা (আনসার ও ভিডিপি)/আরপি অফিসার<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২৪। | কন্ট্রোল রুম<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য। |
| ২৫। | অফিস/মাস্টার কপি। | |

২৬-০৫-২০২৬
উপপরিচালক (প্রশাসন)